আজকের কাগজ

28 OCT 1991

# সরকার ইসলামী বিশ্বের সঙ্গে মৈত্রী বন্ধন জোরদারের চেষ্টা করবে
## —প্রধানমন্ত্রী

**কাগজ প্রতিবেদক** ঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, 'বর্তমান সরকার ইসলামী বিশ্বের সঙ্গে আমাদের ঘনিষ্ঠ সম্পর্ক ও মৈত্রীবন্ধন আরো জোরদার করার চেষ্টা করবে।' গতকাল রোববার আইসিটিভিটিআর পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন। অনুষ্ঠানে প্রতিষ্ঠানের মহাপরিচালক ডঃ এ এম পাটোয়ারী স্বাগত বক্তব্য রাখেন এবং ইসলামী সম্মেলন সংস্থার মহাসচিব ডঃ হামিদ আল গিবদ-এর বাণী পাঠ করা হয়। সকাল দশটায় নীল গাউনের ওপর সোনালী কারুকাজ এবং মাথায় সমাবর্তন টুপি পরে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিদায়ী ছাত্র ও কেন্দ্রের শিক্ষকদের সঙ্গে সমাবর্তন মিছিলে অংশগ্রহণ করেন। বেগম জিয়ার সঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী লেঃ কর্নেল (অবঃ) মোস্তাফিজুর রহমান ও শ্রমমন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়াও সমাবর্তন মিছিলে অংশগ্রহণ করেন। বেগম খালেদা জিয়া আইসিটিভিটিআর-এর বিভিন্ন কোর্সে উত্তীর্ণদের মধ্যে সনদ বিতরণ করেন। প্রধানমন্ত্রী বক্তব্যে প্রতিষ্ঠানের উদ্যোগের প্রশংসা করে বলেন, 'আইসিটিভিটিআর ইসলামী যৌথ কার্যক্রম, ঐক্য ও সংহতির এক উজ্জ্বল নিদর্শন। ইসলামী দেশগুলোর মানব সম্পদ উন্নয়নে সাহায্য করা এ প্রতিষ্ঠানের দায়িত্ব।' তিনি বলেন, 'এমন একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ইসলামী উম্মাহর সেবা করতে পেরে বাংলাদেশ গর্বিত এবং সম্মানিত বোধ করছে। বিরোধ ও হতাশাগ্রস্ত আজকের এই দুনিয়ায় তরুণ প্রজন্মের মধ্যে এই উন্নত সমঝোতা গড়ে ওঠার দরুন ইসলামী বিশ্বে আমি একটি আশার আলো দেখতে পাচ্ছি।'

ইসলামী ঐক্য সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন, 'ইসলামী ঐক্য সংস্থা গত ২৪ বছর ধরে ঐকমত্যের ভিত্তিতে কাজ করে চলেছে। এই ঐক্যের শক্তি হচ্ছে আমাদের মহানধর্ম ইসলাম, আমাদের অভিন্ন কৃষ্টি ও ঐতিহ্য।' তিনি বলেন, 'ইসলামী সম্মেলন সংস্থা টিকে থাকতেই এসেছে।' আমি এ ব্যাপারে আশাবাদী যে এ সংস্থা উত্তরোত্তর জোরদার হয়ে উঠবে এবং ইসলামের হৃতগৌরব পুনরুদ্ধারে অগ্রণী ভূমিকা পালন করবে।' প্রতিষ্ঠানের মহাপরিচালক ডঃ পাটোয়ারী তার বক্তব্যে বলেন, 'প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্যে ২০ মিলিয়ন মার্কিন ডলারের একটি ট্রাস্ট ফান্ড তৈরি করা প্রয়োজন।' তিনি আশা করেন আসছে ওআইসি সম্মেলনে প্রধানমন্ত্রী এই তহবিল গড়ার ব্যাপারে অবদান রাখবেন।

৩৭